

# স্থগিত হওয়া তিন বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু আজ

অনলাইন  
ডেস্ক

২৭  
আগস্ট,  
২০২৩  
০৯:৪৫

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

স্থগিত হওয়া চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি ও সমমান পরীক্ষা আজ রবিবার থেকে শুরু হচ্ছে।

তথ্যমতে, আজ আলিমে ইংরেজি প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। আর এইচএসসি বিএমটির একাদশ ও দ্বাদশ শ্রেণির হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ, ডিপ্লোমা ইন কমার্স একাদশ শ্রেণির অর্থনীতি ও দ্বাদশ শ্রেণির হিসাববিজ্ঞান, এইচএসসি ভোকেশনালের দ্বাদশ শ্রেণির রসায়ন বিজ্ঞান ২ ও একাদশ শ্রেণির রসায়ন বিজ্ঞান ১ পরীক্ষা অনুষ্ঠিত হবে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এইচএসসির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গত ১৭ আগস্ট থেকে ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কুমিল্লা, রাজশাহী,  
যশোর, সিলেট ও দিনাজপুর বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু হলেও  
প্রাকৃতিক দুর্যোগের কারণে এই তিন বোর্ডের পরীক্ষা শুরুর তারিখ পিছিয়ে  
দেওয়া হয়েছিল।